বদরগঞ্জ উপজেলা পরিষদ

জেলাঃ রংপুর

স্মারক নংঃ

তারিখঃ ৩১/০৩/২০২২খ্রিঃ

## উপজেলা পরিষদের যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক কমিটির সাধারণ সভার কার্যবিবরনী

সভাপতি ঃ মোঃ তাজুল ইসলাম
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।

সভার তারিখ ঃ ৩১ মার্চ, ২০২২খ্রিঃ

সময় ঃ ২.৪৫ ঘটিকা

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, বদরগঞ্জ, রংপুর।

**উপস্থিত ব্যক্তিগণের তালিকা (পরিশিষ্ট-ক)**

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য কমিটির সদস্য সচিবকে অনুরোধ জানান। সভার সদস্য সচিব ও উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কর্মকর্তা উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শোনান। কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয় ।

**২। আলোচ্য বিষয়-০২ঃ উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির কার্যক্রম পর্যালোচনা**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন যে, ৭ই মার্চের ভাষণ, বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী উপলক্ষ্যে এবং বাংলাদেশের স্বাধীনতার পঞ্চাশ বছর পূর্তি উপলক্ষ্যে পুরো মার্চ মাস জুড়ে উপজেলা পর্যায়ে সাংস্কৃতিক অনুষ্ঠান ও খেলাধুলা চলমান রয়েছে। স্কুল ও কলেজের শিক্ষার্থীরা খেলাধুলাকে প্রাণবন্ত করেছে। উপজেলা প্রশাসন কে সুন্দর আয়োজনের জন্য ধন্যবাদ জানানো উচিত। তিনি বলেন, নবনির্বাচিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ স্ব স্ব ইউনিয়নে যুবকদের খেলাধুলার আযোজন করলে যুবকরা বিপথে যাবে না। | আলোচনান্তেসুন্দরভাবে বাস্তবায়নের সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কর্মকর্তা |

**৩। আলোচ্য বিষয়-০৩ঃ বেকার যুবকদের মোবাইল সার্ভিসিং বিষয়ক দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভার সদস্য সচিব সভায় জানান যে, মোবাইল ফোনসেট বর্তমানে প্রতিটি মানুষের যোগাযোগের অন্যতম মাধ্যম এবং করোনাজনিত পরিস্থিতিতে অন-লাইন ক্লাস সমুহ স্মার্টফোনের মাধ্যমেই ছাত্র-ছাত্রীরা অংশগ্রহন করছে । মোবাইলফোনে সমস্যা দেখা দিলে অত্র এলাকায় তেমন কোন সুদক্ষ মোবাইল সার্ভিসিং-এর দক্ষ জনবল না থাকায় | জনগুরুত্বপূর্ণ বিবেচনায় উপজেলা পরিচালন ও উন্নযন প্রকল্পের আওতায় উপ-প্রকল্পটি উপজেলা | উপজেলা প্রকৌশলী |

| | | |
|---|---|---|
| সবাইকেই সমস্যায় পড়তে হয়। ফলে অত্র উপজেলায় মোবাইল সার্ভিসিং প্রশিক্ষণ কোর্স বাস্তবায়ন হলে একদিকে যেমন মোবাইল ব্যবহারকারীর সমস্যা সমাধানে ইতিবাচক ভূমিকা রাখবে অন্যদিকে বেকার যুবদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি করবে এবং বেকারত্ব মোচনের মাধ্যমে কর্মসংস্থানের ব্যবস্থা হবে।<br><br>এ উপ- প্রকল্প বাস্তবায়ন হলে-<br>১. বেকার যুবদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি করবে<br>২. বেকারত্ব মোচন ও কর্মসংস্থান সৃজনের মাধ্যমে যুবদের ক্ষমতায়নে ইতিবাচক ভূমিকা রাখবে।<br>৩. আত্মনির্ভরশীল হয়ে অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখবে। | পরিষদের প্রকল্প বাছাই কমিটির সভায় উত্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

**৪। অতপরঃ আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।**

(মোঃ তাজুল ইসলাম)
সভাপতি
উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি
ও
ভাইস-চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
বদরগঞ্জ, রংপুর।

স্মারক নং- ৩৪.০১.৮৫০৩.০০০.০১.০০১.২২.৭৪(২) তারিখঃ ৩১/০৩/২০২২খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১। জেলা প্রশাসক, রংপুর।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
৪। উপজেলা নির্বাহী অফিসার, বদরগঞ্জ, রংপুর।
৫। উপজেলা............................... কর্মকর্তা, বদরগঞ্জ, রংপুর।
৬। চেয়ারম্যান, ............................ইউনিয়ন পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
৭। অফিস কপি।

৩১/৩/2022
সদস্য সচিব
উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি
বদরগঞ্জ, রংপুর।